গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
মিশন শাখা-১
www.probashi.gov.bd

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
গ্রহণ ও প্রেরণ
ডায়েরী নং ১৭৯
তারিখ ২২/১/২৬

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সচিবের দপ্তর
৫০০
21 JAN 2026
সচিব

স্মারক নং-৪৯.০০.০০০০.০০০.০১৯.১১.০০১.২৬-৬৮ তারিখ: ১৮-০১-২০২৬খ্রি.

প্রশাসন অনুবিভাগ
যুগ্মসচিব (প্রশাসন ১/২/বাজেট)
উপ/সি.সহ.সচিব
ব্যক্তিগত কর্মকর্তা
ডাইরি নং ৭২
তারিখ ২২/০১/২৬
অতিরিক্ত সচিব (প্রশাসন)

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ **বিদেশস্থ বাংলাদেশ মিশনের বিভিন্ন শ্রম কল্যাণ উইং এ মিনিস্টার (শ্রম), কাউন্সেলর (শ্রম), প্রথম সচিব (শ্রম) ও দ্বিতীয় সচিব (শ্রম) পদে প্রেষণে কর্মকর্তা নিয়োগ।**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন বিদেশস্থ বাংলাদেশ মিশনের ছকে বর্ণিত শ্রম কল্যাণ উইং এ মিনিস্টার (শ্রম), কাউন্সেলর (শ্রম), প্রথম সচিব (শ্রম) ও দ্বিতীয় সচিব (শ্রম) পদে কর্মকর্তা নিয়োগের জন্য যোগ্য ও আগ্রহী বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) কর্মকর্তাদের নিকট হতে সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক' অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | দূতাবাস/হাইকমিশন | পদের সংখ্যা | যোগ্যতা | কাজের বিবরণ |
|---|---|---|---|---|
| মিনিস্টার (শ্রম) | ১) আবুধাবী, সংযুক্ত আরব আমিরাত<br>২) রিয়াদ, সৌদি আরব | ০২ (দুই) টি | জাতীয় বেতন স্কেলের ৩য় গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১৫ বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। | বাংলাদেশ হতে সংশ্লিষ্ট দেশে নতুন কর্মী নিয়োগের উদ্যোগ গ্রহণ, নতুন শ্রম বাজার অনুসন্ধান, বিদ্যমান শ্রম বাজার সংরক্ষণ ও সম্প্রসারণ, বিদেশে কর্মরত অভিবাসী কর্মীদের কল্যাণে কার্যক্রম গ্রহণ এবং রেমিটেন্স প্রেরণে সহায়তা প্রদান। সরকার কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন। |
| কাউন্সেলর (শ্রম) | ১) বাগদাদ, ইরাক<br>২) রিয়াদ, সৌদি আরব<br>৩) টোকিও, জাপান | ৩ (তিন) টি | জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১০ বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। | |
| প্রথম সচিব (শ্রম) | ১) রিয়াদ, সৌদি আরব<br>২) টোকিও, জাপান<br>৩) কুয়ালালামপুর, মালয়েশিয়া<br>৪) রোম, ইতালি<br>৫) আম্মান, জর্ডান<br>৬) হংকং<br>৭) মানামা, বাহরাইন<br>৮) ত্রিপলী, লিবিয়া<br>৯) ব্রুনাই দারুসসালাম | ০৯ (নয়) টি | জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেড প্রাপ্ত এবং উক্ত গ্রেডে কমপক্ষে ০২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। (৬ষ্ঠ গ্রেড প্রাপ্তির প্রজ্ঞাপনের সত্যায়িত অনুলিপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে)। | |
| দ্বিতীয় সচিব (শ্রম) | ১) রিয়াদ, সৌদি আরব<br>২) কুয়ালালামপুর, মালয়েশিয়া<br>৩) মাস্কাট, ওমান | ০৩ (তিন) টি | জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেড প্রাপ্ত বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। | |

যুগ্মসচিব (প্রশাসন ১ ও ২ অধিশাখা)
ডায়েরী নং ৭০৭
তারিখ ২২/১/২৬
উপসচিব/সি.স.স
প্রশাসন (১/২/৩/৪) শাখা
ব্যক্তিগত কর্মকর্তা
উপসচিব

শর্তাবলী :

০১। বাংলাদেশ সিভিল সার্ভিসে কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৭-০২-২০২৬ তারিখের মধ্যে 'জীবন বৃত্তান্ত ছক' (সংযোজনী-১) পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত ছায়ালিপি ও ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবিসহ সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ বরাবর আবেদন করতে হবে;

০২। শিক্ষাগত যোগ্যতার ফলাফলে জিপিএ/সিজিপিএ উল্লেখ থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রূপান্তরিত ডিভিশন/শ্রেণি দাখিল করতে হবে;

প্রশাসন-১ শাখা
ডাইরী নং ৮৯
তারিখ ২৫/১/২৬
প্রশাসনিক কর্মকর্তা (প্র: ক: ১/২)
উপসচিব/সি.স.স

চলমান পাতা

০৩। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রির সনদ আবেদনপত্রের সাথে দাখিল করলে উক্ত ডিগ্রির সমতা সংক্রান্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি) এর প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে;

০৪। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর অথবা যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ণ ব্যতিত সরাসরি প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচিত হবে না এবং ভুল বা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;

০৫। এ নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট পরিপত্রসমূহের নির্দেশনাবলী অনুসরণ করা হবে;

০৬। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে তাঁরা আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনে সমমর্যদার পদে যারা ইতোপূর্বে চাকরি করেছেন তাঁরাও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না;

০৭। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ৪ (চার) বছরের কম, তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না;

০৮। প্রার্থীত মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে উল্লেখ করতে হবে। তবে কোন মিশনে পদায়ন করা হবে তা কর্তৃপক্ষের এখতিয়ারাধীন। একাধিক মিশনের জন্য আগ্রহী হলেও একটির বেশি আবেদন করার প্রয়োজন নেই;

০৯। বিশেষ পরিস্থিতিতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করা হতে পারে;

১০। আবদেনপত্র গ্রহণ বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

১৮/০১/২০২৬
মোঃ লিটন আলী
উপসচিব
ফোনঃ ৫৫১৩৮০৫৯
dsmission1@probashi.gov.bd

স্মারক নং-৪৯.০০.০০০০.০০০.০১৯.১১.০০০১.২৬-৬৫ (৭৬)

তারিখঃ ১৮-০১-২০২৬খ্রি.

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য বিনীত অনুরোধ করা হলো)।
০৪. সিনিয়র সচিব/সচিব---[illegible]---মন্ত্রণালয়/বিভাগ (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ এবং তাঁর মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫. প্রধান উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব-১, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
০৬. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
০৭. অনুবিভাগ প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি জীবন-বৃত্তান্ত ছকসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. যুগ্মসচিব (মিশন ও কল্যাণ অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩ অফিস কপি।

১৮/০১/২০২৬
মোঃ লিটন আলী
উপসচিব

# জীবন বৃত্তান্ত ছক

প্রার্থীত পদ ঃ

০১ নাম ও পরিচিতি নম্বর ঃ
০২ বর্তমান আবাসিক ঠিকানা ঃ
০৩ স্থায়ী ঠিকানা ঃ
০৪ জন্ম তারিখ ঃ
০৫ পদবি এবং বর্তমান কর্মস্থল ঃ
০৬ বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ ঃ
০৭ বর্তমান গ্রেড ও বেতন স্কেল ঃ
০৮ প্রথম শ্রেণীর পদে যোগদানের তারিখ ঃ
০৯ ক) ক্যাডারের নাম ঃ
খ) ক্যাডারে যোগদানের তারিখ ঃ
গ) ক্যাডারে চাকরিকালের সঠিক মেয়াদ ঃ
(আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ পর্যন্ত)

১০ ইতোপূর্বে যে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কাজ করেছেন তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ ঃ

| পদের নাম | অফিস | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | কর্মকাল | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

১১ শিক্ষাগত যোগ্যতা (এস.এস.সি হতে মাস্টার্স ডিগ্রী পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণী/বিভাগ উল্লেখ করতে হবে)ঃ

| পরীক্ষার নাম | প্রতিষ্ঠানের নাম | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | অর্জিত শ্রেণী/ বিভাগ/সিজিপিএ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

১২ প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ ঃ

| প্রশিক্ষণ | প্রশিক্ষণের নাম | ইনস্টিটিউশনের নাম | প্রশিক্ষণের মেয়াদ | বিদেশের ক্ষেত্রে প্রশিক্ষণ গ্রহণের দেশের নাম |
|---|---|---|---|---|
| (ক) স্থানীয় | | | | |
| (খ) বিদেশী | | | | |

১৩ বাংলা ও ইংরেজী ছাড়া অন্যান্য ভাষায় দক্ষতা (যদি থাকে) (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে) ঃ
১৪ বিদেশে ইতোপূর্বে নিয়োগ/পদায়নকৃত হলে তার বিবরণ (যদি থাকে) ঃ
১৫ বিবাহিত/অবিবাহিত ঃ
১৬ সন্তান সংখ্যা (প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে ঃ
১৭ প্রার্থীত পদ ও মিশনের নাম ঃ
১৮ অন্যান্য বিষয় (যদি থাকে) ঃ

(আবেদনকারীর নামসহ স্বাক্ষর)
ফোন :-
অফিস :-
বাসা :-
মোবাইল :-
ই-মেইল :-